

## ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের পাশের হার ৯২.৮৬ শতাংশ, জিপিএ-৫ একজন!



নদ্দায় ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের এসএসসি পরীক্ষায় পাশের হার ৯২.৮৬ শতাংশ। এবার স্কুলটি থেকে ১৪ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নেয়। তাদের মধ্য থেকে ১ জন জিপিএ-৫ (এ+) পাওয়ার গৌরব অর্জন করেছেন। এ ছাড়াও ৬জন-এ, ৫ জন এ- এবং ১জন- সি গ্রেড পেয়েছেন।

স্কুলের শিক্ষার্থীদের ভাল ফলাফলের জন্য শুভেচ্ছা জানিয়েছে ঢাকা ক্রেডিট পরিবার। সেই সাথে স্কুলের প্রধান শিক্ষক এবং ম্যানেজিং কমিটি ও শিক্ষার্থীদের শুভেচ্ছা জানান। তারা বলেন, ‘এ বছর আমাদের স্কুলের ফলাফল সন্তোষজনক। অল্প সময়ের মধ্যেই আমাদের স্কুলের ফলাফল দিন দিন উন্নত হচ্ছে। আশা করি আগামীতে স্কুলের ফলাফল আরো ভাল হবে। এই বছর যারা পাশ করেছে তাদের শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। আশা করি, তাদের ভবিষ্যৎ সুন্দর ও উজ্জ্বল হবে।’

২০২৩ সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে ২৮ জুলাই। সকালে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গণভবন থাকে ভার্চুয়াল যুক্ত হয়ে এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২০২৩ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় ৯৩ সাধারণ, মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ড মিলিয়ে পাসের হার ৮০ দশমিক ৩৯ শতাংশ। এবার এসএসসি ও সমমানে মোট পরীক্ষার্থী ছিল ২০ লাখ ৪১ হাজার ৪৫০ জন। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১৬ লাখ ৪১ হাজার ১৪০ জন। এদিকে এবছর মোট জিপিএ ফাইভ পেয়েছেন ১ লাখ ৮৩ হাজার ৫৭৮ জন শিক্ষার্থী।

চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষায় মোট জিপিএ-৫ পেয়েছেন ১ লাখ ৮৩ হাজার ৫৭৮ জন। গতবার জিপিএ-৫ পেয়েছিলেন ২ লাখ ৬৯ হাজার ৬০২ জন। এ বছর এসএসসি ও সমমানে গড় পাস করেছেন ৮০ দশমিক ৩৯ শতাংশ শিক্ষার্থী। গতবার এই পাসের হার ছিলো ৮৭ দশমিক ৪৪ শতাংশ।



শুক্রবার সকালে এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে তুলে দেয়া হয়।  
প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি ও শিক্ষা উপমন্ত্রী মহিবুল  
হাসান চৌধুরী নওফেলসহ শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডগুলো কর্মকর্তারা।

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে, পাসের হার ৮০  
দশমিক ৩৯ শতাংশ। শুক্র বার (২৮ জুলাই) বেলা সাড়ে ১১টার দিকে আনুষ্ঠানিকভাবে ফলাফল প্রকাশিত  
হয়। এর আগে প্রধানমন্ত্রীর কার্যালয়ের চামেলী হলে ফলাফলের অনুলিপি এবং পরিসংখ্যান প্রতিবেদন  
প্রধানমন্ত্রীর হাতে তুলে দেন শিক্ষামন্ত্রী দীপু মনি। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী  
মহিবুল হাসান চৌধুরী নওফেল।

এসএসসিতে ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে গড় পাসের হার ৮০ দশমিক ৯৪ শতাংশ, মাদরাসা শিক্ষা বোর্ডের  
দাখিল পরীক্ষার পাসের হার ৭৪ দশমিক ৭০, কারিগরি শিক্ষা বোর্ডে পাসের হার ৮৬ দশমিক ৩৫ শতাংশ।

ঢাকা বোর্ডে পাশ- ৭৭.৫৫%, জিপিএ-৫ ৪৬৩০৩ জন  
চট্টগ্রাম বোর্ডে পাশ- ৭৮.২৯%, জিপিএ-৫ ১১৪৫০ জন  
রাজশাহী বোর্ডে পাশ- ৮৭.৭৯%, জিপিএ-৫ ২৬৮৭৭ জন  
বরিশাল বোর্ডে পাশ- ৯০.১৮%, জিপিএ-৫ ৬৩১১ জন  
সিলেট বোর্ডে পাশ- ৭৬.০৬%, জিপিএ-৫ ৫৪৫২ জন  
ঘোর বোর্ডে পাশ- ৮৬.১৭%, জিপিএ-৫ ২০৬১৭ জন  
দিনাজপুর বোর্ডে পাশ- ৭৬.৮৭%, জিপিএ-৫ ১৭৪১০ জন  
কুমিল্লা বোর্ডে পাশ- ৭৮.৪২%, জিপিএ-৫ ১৬২৩ জন

ময়মনসিংহ বোর্ডে পাশ- ৮৫.৮৯%, জিপিএ-৫ ১৩১৭৭ জন

মাদ্রাসা বোর্ডে পাশ- ৭৪.৭০%, জিপিএ-৫৬২১৩ জন

কারিগরি বোর্ডে পাশ- ৮৬.৩৫%, জিপিএ-৫ ১৮১৪৫ জন

জানা গেছে, এসএসসি পরীক্ষায় এ বছর দেশের ১১টি শিক্ষা বোর্ডে গড় পাসের হার ৮০ দশমিক ৩৯ শতাংশ।  
মোট পাস করেছে ১৬ লাখ ৪১ হাজার ১৪০ জন। এরমধ্যে ছাত্র ৭ লাখ ৯৬ হাজার ৪০৮ জন এবং ছাত্রী ৮ লাখ  
৪৪ হাজার ৭৩৬ জন। এদিকে এবছর মোট জিপিএ ফাইভ পেয়েছেন ১ লাখ ৮৩ হাজার ৫৭৮ জন শিক্ষার্থী।  
তাদের মধ্যে ছাত্র ৮৪ হাজার ৯৬৪ জন এবং ছাত্রী ৯৮ হাজার ৬১৪ জন।